# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩১১২

১৫/ কিতাবুল জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ২০৭. মৃত ব্যক্তির জন্য কাঁদা।

باب فِي الْبُكَاءِ عَلَى الْمَيِّتِ

আরবী

حَدَّثَنَا شَيْبَانُ بْنُ فَرُّوخَ، حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ الْمُغِيرَةِ، عَنْ ثَابِتٍ الْبُنَانِيِّ، عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " وُلِدَ لِيَ اللَّيْلَةَ غُلاَمٌ فَسَمَّيْتُهُ بِاسْمِ أَبِي إِبْرَاهِيمَ " . فَذَكَرَ الْحَدِيثَ قَالَ أَنَسٌ لَقَدْ رَأَيْتُهُ يَكِيدُ بِنَفْسِهِ بَيْنَ يَدَىْ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فَدَمَعَتْ عَيْنَا رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فَقَالَ " تَدْمَعُ الْعَيْنُ وَيَحْزَنُ الْقَلْبُ وَلاَ نَقُولُ إِلاَّ مَا يَرْضَى رَبُّنَا إِنَّا بِكَ يَا إِبْرَاهِيمُ لَمَحْزُونُونَ " .

বাংলা

৩১১২. শায়বান ইবন ফাররুখ (রহঃ) ..... আনাস ইবন মালিক (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, আজ রাতে আমার ঘরে একটা পুত্র সন্তান জন্মগ্রহণ করেছে। আমি আমার দাদার নামানুসারে তার নাম রেখেছি ইব্রাহীম। অতঃপর উক্ত হাদীছ বর্ণনা প্রসঙ্গে আনাস (রাঃ) বলেনঃ আমি দেখেছি, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সামনে সে বাচ্চার জান বের হচ্ছিল এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর চোখ হতে অশ্রু নির্গত হচ্ছিল। এ সময় তিনি বলছিলেনঃ চোখ থেকে পানি বের হচ্ছে এবং অন্তর বেদনাতুর, তবু আমরা তা-ই বলব, যাতে আমাদের রব রাযী এবং খুশী থাকেন (অর্থাৎ ইন্নালিল্লাহ....)। হে ইব্রাহীম! আমরা সত্যিই তোমার জন্য ব্যথিত।

## English

Narrated Anas bin Malik:
The Messenger of Allah (ﷺ) as saying: A child was born to me at night and I named him Ibrahim after his. He then narrated the rest of the tradition. Anas said: I saw it at the point of the death before the Messenger of Allah (ﷺ). Tears began to fall from the eyes of the Messenger of Allah (ﷺ). He said: The eye weeps and the heart grieves, but we say only what our Lord is

pleased with, and we are grieved for you, Ibrahim.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=35219

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন